

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা
www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০৪০.১৮.০২০.১৮-০৩

তারিখ: ২২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২১ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের আবেদনপত্র প্রেরণ

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় এর পত্র নং- ৮০.০০.০০০০.১০৪.৩৯.০১৩.২১-১৯৯, তারিখ: ৩০.১২.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। উক্ত পত্রে উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ২ প্রস্থ (হার্ড কপি) ০৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের (রবিবার) মধ্যে প্রশাসন-৫ শাখার দৃষ্টি আকর্ষণ করে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


(সালমা পারভীন)

উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৯০০৮
admin5@mor.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৩। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৪। নথি/অফিস কপি

সিএসটিই (টেলিকম) এর দপ্তর	
তারিখ:	২২/০১/২২
স্মারক:	
প্রাপ্তি:	
প্রেরণ:	
অনুলিপি:	
অন্য:	



বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০১৩.২১-১৭৬

তারিখঃ ৩০.১২.২০২১

বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২১ অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ডাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর-২০২১, মার্চ-২০২২ মাসে অনুষ্ঠানের সময়কাল নির্ধারণ করা হয়েছে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ০৪ জানুয়ারি, ২০২২ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩১ জানুয়ারি, ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [হার্ড কপি] কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

০২. যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।

০৩. আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত আবেদনপত্র [হার্ড কপি] প্রেরণ করা হলে বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র [হার্ড কপি] বাতিল বলে গণ্য হবে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল করে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ

প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা <http://bpsc.teletalk.com.bd> ওপেন করে অনলাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে: Application for departmental examination cadre/Non Cadre ⇒ Session ⇒ December-2021 ⇒ Cadre/Non Cadre Name ⇒ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষ্মভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০x৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০x৮০ পিক্সেলস (pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

০৫. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে ৫৫০০৬৬৬৮, ৫৫০০৬৭১৩ অথবা ০১৭১৭৬২৪৫৭৬ নম্বরে এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


জামাউল করদৌস
পরিচালক (উপসচিব)